দৈনিক ইনকিলাব

তারিখ ... পৃষ্ঠা ৮ কলাম ৭

JUL 27

স্বরাষ্ট্রমন্ত্রীর ক্যাম্পাস পরিদর্শন

# ঢাবি ক্যাম্পাসে আইন-শৃঙ্খলা রক্ষায় বিশেষ বৈঠক অনুষ্ঠিত

**স্টাফ রিপোর্টার ঃ** গতকাল (শুক্রবার) রাতে পুলিশ কনট্রোল রুমে স্বরাষ্ট্রমন্ত্রী এয়ার ভাইস মার্শাল (অবঃ) আলতাফ হোসেন চৌধুরীর সভাপতিত্বে এক বিশেষ সভা অনুষ্ঠিত হয়। সভায় রাজধানীর আইন-শৃঙ্খলা বিশেষ করে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উদ্ভূত পরিস্থিতি নিয়ে ব্যাপক আলোচনা করা হয়। আলোচনা শেষে ঢাকা বিশ্ববিদ্যালয়সহ রাজধানীর শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখার জন্য কার্যকর প্রদক্ষেপ নিতে সংশ্লিষ্ট পুলিশ কর্তৃপক্ষকে কঠোর নির্দেশ প্রদান করা হয়। বৈঠকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর আনোয়ার উল্লাহ চৌধুরী, আইজিপি মোদাব্বির হোসেন চৌধুরী, ডিএমপি কমিশনার আব্দুল কাউয়ুম, এডিশনাল কমিশনার জহুরুল হকসহ সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

বৈঠক শেষে স্বরাষ্ট্রমন্ত্রীসহ কর্মকর্তাগণ ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসসহ আশপাশের কর্তব্যরত পুলিশ চেক পোস্টগুলো সরেজমিনে পরিদর্শন করেন। মন্ত্রী চেক পোস্টগুলোতে কর্মরত পুলিশ সদস্যদের সাথে কথা বলেন এবং তাদেরকে সঠিকভাবে দায়িত্ব পালনের নির্দেশ প্রদান করেন।